

*Case study: (4)

সেকালে অনেক লোক হাতি পুষত। আমার মেজো জ্যাঠামশাই এর বাড়িতে দুটি হাতি ছিল। মেয়ে হাতিটির নাম ছিল কুসুমকলী। যেমন মিষ্টি নাম, তেমন মিষ্টি ছিল তার স্বভাব। মাহত ভায়া রামের তাকে নিয়ে ভারি গর্ব ছিল। বাড়িতে কেউ এলে কুসুমকলী মাথা নত করে শুঁড় বাড়িয়ে তাঁদের পায়ের ধুলো মাথায় নিত। ছেলে হাতিটি ছিল যাত্রামঙ্গল, যার স্বভাব ছিল সম্পূর্ণ উল্টো।

১। জ্যাঠামশাই বলতে কাকে বোঝায়?

ক. বাবার বাবাকে খ. দাদার বাবাকে

গ. বাবার দাদাকে ঘ. বাবার কাকাকে

২। এখানে ‘মিষ্টি’ কথাটি কী বোঝাতে ব্যবহার করা হয়েছে?

ক. মিঠাই খ. রসগোল্লা

গ. দুধ ঘ. স্বভাব

৩। এখানে লেখক কার স্বভাবের খুব প্রশংসা করেছেন?

ক. জ্যাঠামশাই খ. যাত্রামঙ্গল

গ. রাম ঘ. কুসুমকলী

৪। নীচে দেওয়া কোন স্বভাবটি যাত্রামঙ্গল এর বলে তোমার মনে হয়?

ক. মাথা নত করা খ. মাহতের কথা শোনা

গ. বদমেজাজী ঘ. অন্যের পায়ের ধুলো নেওয়া

৫। নীচে দেওয়া ছবিটি তোমাদের পাঠ্যক্রমের অংশ। কবিতা অনুসারে সঠিক শব্দ বসিয়ে শূন্য স্থানগুলি পূরণ কর । ($1/2 \times 4 = 2$)



এখানে একটি _____ গাছ দেখা যাচ্ছে, গাছটি যেন উকি মারছে _____ দিকে । তার মনের ইচ্ছা হল _____ মেঘ ফুঁড়ে, সে অনেক দূর উড়ে যেতে চায়। কিন্তু উড়ে যাওয়ার জন্য তার _____ নেই।

৬। এক দুকথায় উত্তর দাও। ($1 \times 3 = 3$)

ক. মেয়েরা বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানের জন্য অনেক হাতের কাজ করছে। এখানে “মেয়েগুলি” শব্দটি কোন বচনের উদাহরণ?

খ. “নৌকা ডুবি” কার লেখা?

গ. যা সহজে পাওয়া যায়না এমন কোন জিনিসকে এককথায় কী বলা হয়?

৭। নীচের শূন্য স্থানে যুক্তাক্ষর আছে এমন একটি উপযুক্ত শব্দ বসাও।
(1)

মা আজ দুপুরে একটি দারুন স্বাদের _____ রান্না করেছিলেন।